আপনার সন্তানের স্কুল সম্পর্কে আপনি কি ভাবছেন?

এই বসন্তে আপনি একটি সমীক্ষা পূরণ করুন।



ডিপার্টমেন্ট অব এডুকেশন
মাইকেল আর. ব্লুমবার্গ, মেয়র | জোয়েল আই. ক্লাইন, চ্যান্সেলর
www.nyc.gov/schools দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন।

T&I-4299 (Bengali)

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

মাইকেল আর. ব্লুমবার্গ, মেয়র
জোয়েল আই. ক্লাইন, চ্যান্সেলর

দায়বদ্ধতা:
আপনার পরিবারের জন্য কী অর্থ বহন করে?

এবার পালা আপনার কথা শোনার:

আপনার সন্তানের স্কুলের সমীক্ষা ফরম পূরণ করুন

(আরো জানতে ভেতরে দেখুন)
এপ্রিল ৩০, ২০০৭ তারিখে

ডিপার্টমেন্ট অব এডুকেশন পরিবারসমূহকে যা প্রদান করবে:

✓ ***অধিক প্রয়োজনীয় তথ্য***

- ***স্কুল প্রতিবেদন:*** সেপ্টেম্বর ২০০৭ থেকে আপনি আপনার সন্তানের স্কুলের "অগ্রগতির প্রতিবেদন" লাভ করবেন। স্কুলগুলোকে শিক্ষার্থীর কার্যসম্পদনা ও অগ্রগতি, উপস্থিতি, এবং পিতামাতা, শিক্ষক ও শিক্ষার্থীদের সমীক্ষার ফলের উপর ভিত্তি করে 'এ', 'বি', 'সি', 'ডি' কিংবা 'এফ' গ্রেড প্রদান করা হবে।
- ***আপনার সন্তানের অগ্রগতির প্রতিবেদন:*** আগামী বছর থেকে সাক্ষরতা ও গণিতে আপনার সন্তানের অগ্রগতির নিয়মিত প্রতিবেদন পাওয়া যাবে। বিজ্ঞান ও সমাজ পাঠ পরবর্তীতে যোগ করা হবে।
- ***মান নিরীক্ষণ প্রতিবেদন:*** আপনার সন্তানের স্কুল সন্তানের লেখাপড়ায় সহায়তার জন্য প্রস্তুত কি না, এ বছর থেকে সেটা আপনি জানতে পারবেন। অভিজ্ঞ শিক্ষাবিদরা প্রতিটি স্কুলের শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ করছেন এবং প্রিন্সিপ্যাল, শিক্ষক, পিতামাতা এবং শিক্ষার্থীদের সাথে কথা বলছেন। সমীক্ষা সমাপ্ত হওয়ার পর একেকটি স্কুল সম্পর্কে তাদের তৈরি ৫-১০ পৃষ্ঠার প্রতিবেদন সকল পিতামাতা পেতে পারেন।

✓ ***আপনার সন্তানের স্কুলের মান নির্ণয়ের সুযোগ***

- ***সমীক্ষা:*** আপনি আপনার সন্তানের স্কুল সম্পর্কে কী ভাবছেন, কিছুদিনের মধ্যে আপনি তা পিতামাতাদের সমীক্ষা ফরম পূরণ করে ডিপার্টমেন্ট অব এডুকেশনকে জানাতে পারবেন। এছাড়া স্কুলগুলো তাদের কম্যুনিটির সকল সদস্যের জন্য কেমন কাজ করছে, সেটা জানার জন্য আমরা শিক্ষক এবং মিড্‌ল্‌ ও হাই স্কুল শিক্ষার্থীদের মধ্যে সমীক্ষা পরিচালনা করবো।
- ***মান নিরীক্ষণে অংশগ্রহণ:*** আপনি প্রত্যেক বছর স্কুলের মান নির্ণয় সমীক্ষার সময়ে স্বেচ্ছাপ্রণোদিত হয়ে একজন অভিজ্ঞ শিক্ষাবিদকে আপনার সন্তানের স্কুল সম্পর্কে জানাতে পারেন। এ ব্যাপারে স্কুলের সাথে যোগাযোগ করুন।

স্কুলের অগ্রগতির প্রতিবেদনে স্কুলগুলোকে কীভাবে নম্বর দেয়া হয়?

অগ্রগতির প্রতিবেদন *সেপ্টেম্বর ২০০৭ সাল থেকে প্রতিটি স্কুলকে 'এ', 'বি', 'সি', 'ডি', 'ডি' এবং 'এফ' গ্রেড প্রদান করবে। যে সমস্ত স্কুল 'এ' এবং 'বি' পাবে, তাদেরকে পুরস্কৃত করা হবে। নিচু গ্রেড পাওয়া স্কুল পরিণাম ভোগ করবে।*

স্কুলের গ্রেড নির্ভর করবে তিনটি বিষয়ের উপর:

- ***স্কুলের পরিবেশ***– এর অন্তর্ভুক্ত আছে উপস্থিতি এবং পিতামাতা, শিক্ষার্থী এবং শিক্ষকদের সমীক্ষা।
- ***শিক্ষার্থী কার্যসম্পাদনা***– এটি নিউ ইয়র্ক স্টেটের ইংরেজি ভাষা শৈলী ও গণিত পরীক্ষায় প্রতি বছর এলিমেন্টারি ও মিড্ল্ স্কুল শিক্ষার্থীদের নম্বর যাচাই করে থাকে। হাই স্কুলের জন্য এটি ডিপ্লোমা ও উত্তীর্ণ হার যাচাই করে।
- ***শিক্ষার্থীর অগ্রগতি***– পঠন, লিখন, গণিত, বিজ্ঞান এবং ইতিহাস বিষয়ে শিক্ষার্থীরা স্কুলবর্ষব্যাপী কেমন গড় অগ্রগতি লাভ করেছে, তার ভিত্তিতে স্কুলগুলোকে মূল্যায়ন করা হবে। ইংরেজি ভাষা ও বিশেষ শিক্ষার শিক্ষার্থীসহ যেসব শিক্ষার্থী বছরের শুরুতে ভালো করতে পারছে না, তাদের প্রতি বিশেষ নজর দেয়া হয়।

সকল স্কুলের অগ্রগতির প্রতিবেদন ইন্টারনেটে ও ছাপানো আকারে পাওয়া যাবে	সেপ্টেম্বর ২০০৭-এ

মান নিরীক্ষণ বলে কী বুঝায়?

মান নিরীক্ষণ *হলো নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুলে অভিজ্ঞ শিক্ষাবিদ কর্তৃক ২-৩ দিনের পরিদর্শন যেখানে তারা পিতামাতা, শিক্ষার্থী ও স্কুলকর্মীদের সাথে কথা বলা ও শ্রেণিকক্ষ পর্যবেক্ষণের পাশাপাশি স্কুল কীভাবে তথ্য ব্যবহার করে তা নিরীক্ষণ করবেন এবং সকল শিক্ষার্থীদের অগ্রগতির জন্য একটি লক্ষ্য নির্দিষ্ট করবেন।*

মান নিরীক্ষণ প্রতিবেদন বর্ণনা দেবে:

- প্রতিটি শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কে প্রিন্সিপ্যাল ও শিক্ষক কতোটুকু পরিচিত আছেন।
- প্রতিটি শিক্ষার্থীর লেখাপড়ায় উন্নতির জন্য স্কুল কতো ভালোভাবে পরিকল্পনা এবং লক্ষ্য নির্ধারণ করে।
- শিক্ষার্থীদের নির্ধারিত শিক্ষালাভে সাফল্য অর্জনের জন্য স্কুল কতো ভালোভাবে কাজ করে।
- বর্ষ জুড়ে স্কুল কীভাবে প্রতিটি শিক্ষার্থীর অগ্রগতির প্রতি নজর রাখে এবং শিক্ষার্থী সাফল্যের নিশ্চয়তা বিধানের জন্য প্রয়োজনীয় পরিবর্তনসাধন করে।

স্কুলগুলো একটি সার্বিক মান প্রকাশক গ্রেড লাভ করে যা অগ্রগতির প্রতিবেদনে উল্লেখ করা হয়। সকল পিতামাতার জন্য একটি ৫-১০ পৃষ্ঠার মান নিরীক্ষণ প্রতিবেদন ইন্টারনেটে www.nyc.gov/schools ওয়েবসাইটে পাওয়া যাবে।

মান নিরীক্ষণ প্রতিবেদন ইন্টারনেটে পাওয়া যাবে	২০০৬-০৭ স্কুল-বর্ষে

পর্যাবৃত্ত মূল্যায়ন বলতে কী বুঝায়?

পর্যাবৃত্ত মূল্যায়ন *হলো প্রতিকারমূলক উপাদান যা একটি স্কুলবর্ষে কয়েক মাস অন্তর অন্তর শিক্ষাবিদরা শিক্ষার্থীদের শিক্ষার চাহিদা সম্পর্কে এবং শিক্ষার্থীরা কেমন অগ্রগতি লাভ করছে সে সম্পর্কে তথ্য অবগত হতে ব্যবহার করে থাকেন।*

স্কুলগুলো পর্যাবৃত্ত মূল্যায়ন বেছে নেয়, যেগুলো তাদের শিক্ষার্থীদের শিক্ষার চাহিদার জন্য সবচেয়ে প্রাসঙ্গিক। এছাড়াও পর্যাবৃত্ত মূল্যায়ন পিতামাতাদের তাদের সন্তানের অগ্রগতির প্রতি নজর দিতে সহায়তা করে।

পর্যাবৃত্ত মূল্যায়ন:

- সময়মত শিক্ষার্থীর সামর্থ্য ও প্রয়োজন শনাক্ত করে।
- শিক্ষার্থীবিশেষের প্রয়োজনভিত্তিক নিজস্ব মূল্যায়নে দৃষ্টিনিবদ্ধ করতে শিক্ষকদের সহায়তা করে।
- স্কুলবর্ষব্যাপী এবং স্কুলবর্ষ অতিক্রম করে লেখাপড়ায় শিক্ষার্থীর অগ্রগতি নির্দেশ করে নিউ ইয়র্ক স্টেট পরীক্ষায় শিক্ষার্থীর সম্ভাবনা সম্পর্কে আভাস দেয়।
- ইংরেজি ও স্প্যানিশ ভাষায় শিক্ষার্থীর দক্ষতা অর্জনে অগ্রগতি পরিমাপ করে এবং নিউ ইয়র্ক স্টেটের ইংরেজি ভাষা পরীক্ষায় শিক্ষার্থীর সম্ভাব্য কার্যসম্পাদনার পূর্বাভাস দেয়।
- গ্রেড স্তরের দুই অথবা বেশি নিচের স্তরের বিশেষ শিক্ষার শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীর প্রয়োজনের প্রতি নজর দেয়।

স্কুল ও পিতামাতাদের জন্য সাময়িক মূল্যায়ন পাওয়া যাবে	২০০৬-০৭ স্কুল-বর্ষে

এ.আর.আই.এস. বলতে কী বুঝায়?

এ.আর.আই.এস. *(অ্যাচিভমেন্ট রিপোর্টিং অ্যান্ড ইনোভেশন সিস্টেম, সাফল্যের প্রতিবেদন এবং উদ্ভাবন ব্যবস্থা) একটি আধুনিক ব্যবস্থা যা পিতামাতা ও শিক্ষকদের একত্রে প্রতিটি শিক্ষার্থীর লেখাপড়া সম্পর্কে সকল গুরুত্বপূর্ণ তথ্য অবগত করে।*

এ.আর.আই.এস. পরিবারসমূহকে প্রদর্শন করবে:

- নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষায় তাদের সন্তানের কার্যসম্পাদনা।
- শ্রেণিকক্ষে তাদের সন্তানের কার্যসম্পাদনার পর্যাবৃত্ত মূল্যায়।
- কিন্ডারগার্টেন থেকে ১২ গ্রেড পর্যন্ত তাদের সন্তানের অগ্রগতি।

এ.আর.আই.এস. শিক্ষাবিদদের সহায়তা করবে:

- প্রতিটি শিক্ষার্থী কতোটুকু শিখছে এবং তার প্রয়োজন কী, সে সম্পর্কে জানতে।
- শিক্ষকরা কেমন শিক্ষা দিচ্ছেন, তা জানতে।
- কোন্ বিষয়টি কাজে লাগছে সে সম্পর্কে তথ্য বিনিময় করতে এবং কীভাবে সকল শিক্ষার্থীর শিক্ষানির্দেশনায় উন্নতি করা যায়, সে সম্পর্কে পরস্পরের কাছে থেকে শিক্ষালাভ করতে।

শিক্ষক এবং প্রিন্সিপ্যালগণ ইন্টারনেটে এ.আর.আই.এস. সিস্টেম দেখতে পাবেন	সেপ্টেম্বর ২০০৭-এ
পিতামাতাগণ তাদের সন্তান ও স্কুলের হালনাগাদকৃত তথ্য দেখতে পাবেন	২০০৭-০৮
পিতামাতা এবং স্কুল ইন্টারনেটে এ.আর.আই.এস. সিস্টেম দেখতে পাবেন	সেপ্টেম্বর ২০০৮-এ

শীঘ্রই আসছে, পিতামাতা, শিক্ষক এবং শিক্ষার্থী সমীক্ষা!

কেন? ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে স্কুলের কার্যসম্পাদনা এবং লেখাপড়া সম্পর্কে তথ্য অবগত হওয়ার সবচেয়ে ভালো উপায় হলো যারা স্কুলকে ভালো করে জানেন, তাদেরকে জিজ্ঞাসা করা। একারণেই আমরা পিতামাতা, শিক্ষক এবং শিক্ষার্থীদেরকে তাদের স্কুল শিক্ষার্থীর অগ্রগতি ও সাফল্য অর্জনে কেমন ভালো করছে, সে সম্পর্কিত আমাদের সমীক্ষাটি পূরণ করতে অনুরোধ করছি। এর ফল প্রতিটি স্কুলের অগ্রগতির প্রতিবেদনে মাননির্ণয় প্রক্রিয়ায় অংশ হিশেবে গণ্য করা হবে।

শিক্ষার্থী ও শিক্ষক: আপনারা স্কুলে আপনাদের সমীক্ষা পূরণ করবেন।

পিতামাতা: আপনার সন্তান এলিমেন্টারি স্কুলে পড়লে সন্তানের ব্যাক-প্যাকে সমীক্ষার খোঁজ করুন। আপনার সন্তান মিড্ল্ বা হাই স্কুলে পড়লে আমরা আপনার সমীক্ষা ডাকযোগে পাঠিয়ে দেবো। সকল পিতামাতা পূরণকৃত সমীক্ষা ডাকযোগে (ডাকমাশুল পরিশোধিত) পাঠাতে পারবেন অথবা ইন্টারনেটে পূরণ করতে পারবেন। আরো তথ্যের জন্য www.nyc.gov/schools ওয়েবসাইট দেখুন অথবা 311নম্বরে ফোন করুন।

কথাটি সবাইকে জানিয়ে দেয়া: সমীক্ষা সম্পর্কে বাড়িতে আপনার কাছে তথ্য পাঠানো হচ্ছে চিঠির মাধ্যমে সন্তানের ব্যাক-প্যাকে, সরাসরি ডাকযোগে, ই-মেলে এবং বিজ্ঞাপনে। আমাদের স্কুলের সাফল্যের ক্ষেত্রে পিতামাতার অভিমত গুরুত্বপূর্ণ, তাই অনুগ্রহ করে আপনি কী ভাবছেন সেটা জানাবার জন্য সমীক্ষাটি পূরণ করুন এবং একই সাথে অন্য পিতামাতাদেরও তা পূরণ করতে উৎসাহিত করুন।